গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং- ৫৮.০১.০০০০.১০১.৪৭.৪০৭.২০১৪ - ১৪৫৫

তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

জনাব এস, এম মাসুদ ইকবাল, পিতাঃ মৃত এস, এম একরামুল হক, মাতাঃ মৃত মাসুদা বেগম, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ মুলখানা, ডাকঘরঃ কলাবাড়ীয়া, থানাঃ নড়াগাতী, জেলাঃ নড়াইল অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আঞ্চলিক পাসপোর্ট অফিস, সাতক্ষীরায় কর্মরত আছেন;

যেহেতু, তিনি পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকায় কর্মকালীন ১৩/১২/২০১৮ হতে ০৮/০১/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ২৭ (সাতাশ) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকা, তাছাড়া ০৪/০৮/২০১৯ হতে ০৭/০৮/২০১৯ পর্যন্ত ০৪ (চার) দিন, ১৪/০৮/২০১৯ হতে ১৫/০৮/২০১৯ পর্যন্ত ০২ (দুই) দিন এবং ২৩/০৯/২০১৯ হতে ৩০/০৯/২০১৯ পর্যন্ত ০৭ (সাত) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং এ কারণে তার বেতন কর্তন করা হয়েছে; এতদসত্ত্বেও তিনি ০৩/১১/২০১৯ হতে ০৪/১১/২০১৯ পর্যন্ত ০২ (দুই) দিন, ০৬/১১/২০১৯ হতে ১১/১১/২০১৯ পর্যন্ত ০৬ (ছয়) দিন, ১৭/১১/২০১৯ হতে ২৭/১১/২০১৯ পর্যন্ত ১১ (এগার) দিন এবং ২০/১০/২০২০ খ্রিঃ হতে ২২/১০/২০২০ খ্রিঃ পর্যন্ত ০৩ (তিন) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকা; প্রায় দিনই অফিসে না আসা ও দেরি করে অফিসে উপস্থিতজনিত কারণে স্মারক নং- ৫৮.০১.৮৭০০.৭৩৭.০২.০৫২.২০১৯-১১৩, তারিখঃ ১৪/১০/২০২০ খ্রিঃ ও স্মারক নং- ৫৮.০১.৮৭০০.৭৩৭.০২.০৫২.২০১৯.১২২, তারিখঃ ২৭/১০/২০২০ খ্রিঃ মোতাবেক ০২(দুই) বার কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করা, উপরন্তু প্রায়শই দেরিতে আসা ও কার্যালয়ে অনুপস্থিত থাকার বিষয়টি অব্যাহত রাখা; যেহেতু, সুরক্ষা সেবা বিভাগের যুগ্ম সচিব জনাব মল্লিক সাঈদ মাহবুব আঞ্চলিক পাসপোর্ট অফিস, সাতক্ষীরা পরিদর্শনপূর্বক তাঁর পরিদর্শন প্রতিবেদনে জানিয়েছেন যে, তিনি (জনাব এস, এম মাসুদ ইকবাল) অননুমোদিতভাবে ০৬/০৮/২০২০, ১৯/০৮/২০২০ এবং ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখ কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং তিনি (যুগ্ম সচিব জনাব মল্লিক সাঈদ মাহবুব) তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন; এসব অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা ০৪/২০২১ দায়ের করতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

যেহেতু, তিনি বিভাগীয় মামলার আওতায় প্রেরিত অভিযোগনামার জবাব প্রদান করেছেন; জবাবে তিনি ব্যক্তিগত শুনানী চাওয়ায় ২২/০৮/২০২১ খ্রিঃ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়, শুনানীতে তার জবাব সন্তোষজনক না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্ত কর্মকর্তা ১৯/০১/২০২২ খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেছেন।

যেহেতু, প্রাপ্ত তদন্ত প্রতিবেদন অনুযায়ী এস, এম মাসুদ ইকবাল অফিস সহকারী কাম কম্পিউটার এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২(খ) অনুযায়ী 'অসদাচরণ' অভিযোগে একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী তাকে কেন সরকারী "চাকরি হতে বরখাস্ত" করা হবে না সে মর্মে ১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৭.৪০৭.২০১৪-৫১৬ স্মারকমূলে উক্ত বিধিমালার ৭(৯) বিধি অনুসারে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

সেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) বিধি মোতাবেক জনাব এস, এম মাসুদ ইকবাল, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক- কে "চাকরি হতে অপসারণ" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মেজর জেনারেল মোহাম্মদ আইয়ূব চৌধুরী, এসজিপি, পিবিজিএমএস, এনডিসি, পিএসসি)
মহাপরিচালক

অনুলিপি (সদয় জ্ঞতার্থে ও কার্যার্থে)ঃ

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, ভবন নির্মাণ প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(পার্সোনালাইজেশন সেন্টার), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অত্র অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬। পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস.................................................।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ....................................................।
৯। উপপরিচালক, (প্রশাসন)/(সংস্থাপন)/(পাসপোর্ট)/(ভিসা)/(অর্থ ও নিরীক্ষা)/(ডাটা সন্টার)/ (পার্সোনালাইজেশন সেন্টার)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রশিক্ষণ ও কর্মসম্পাদন)/(সিআরআই), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ....................................।
১১। উপপরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১২। সহকারী পরিচালক, (প্রশাসন)/(সংস্থাপন)/(পাসপোর্ট)/(ভিসা)/(ডাটা সেন্টার)/( প্রশিক্ষণ), (পরিকল্পনা ও উন্নয়ন)/(এফিস)/(সিআরআই)/(ডেমো), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৩। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ...................................................................।
১৫। এস, এম মাসুদ ইকবাল, পিতাঃ মৃত এস, এম একরামুল হক, মাতাঃ মৃত মাসুদা বেগম, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ মুলখানা, ডাকঘরঃ কলাবাড়ীয়া, থানাঃ নড়াগাতী, জেলাঃ নড়াইল
১৬। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট ও ভিসা), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।